

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ বিদআত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তসবীহ গুনতে তাসবীহ-মালা ব্যবহার করা কি বিদআত?

অনেকে বিদআত বলেছেন। তা না হলেও তা ব্যবহার না করাই উত্তম। কারণঃ

- ১। মহানবী (সঃ) আঙ্গুল দ্বারা তাসবীহ করেছেন এবং বলেছেন, "আঙ্গুলগুলোকে (তাঁর দ্বারা কৃত কর্মের ব্যপারে) জিজ্ঞাসা করা হবে, কথা বলানো হবে।৯৬ (আহমাদ ৬/৩৭১, আবূ দাউদ ১৫০১, তিরমিয়ী ৩৫৮৩ নং) সূতরাং কিয়ামতে আঙ্গুলগুলো তাসবীহ পড়ার সাক্ষ্ম দেবে, মালা সাক্ষ্ম দেবে না।
- ২। মালা ব্যবহার করে তাসবীহ পড়লে সাধারনতঃ মনোযোগ ও একাগ্রতা বিচ্ছিন্ন হতে পারে। আঙ্গুল গুনলে তা হয় না।
- ৩। তাসবীহ-মালা ব্যবহার লোক-দেখানি বা 'রিয়া' হওয়ার আশঙ্কা থাকে। রং-বেরঙের মালা ও তাঁর খটখট শব্দ মানুষের দৃষ্টি ও মন আকর্ষণ করে। আর আমলে 'রিয়া' ঢুকলে সওয়াবের জায়গায় শিরক ঘটে বসবে। বলা বাহুল্য, তাসবীহ-দানার চাইতে আঙ্গুল গোনাই শরীয়তসম্মত। ৯৭ (ইবনে ঊষাইমীন)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=79

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন